

চবি শিক্ষক সমিতির নির্বাচনে সাদা দল জয়ী

প্রতিনিধি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নির্বাচনে সভাপতি পদসহ ৬টি পদে বিজয়ী হয়েছেন-বিএনপি-জামায়াত সমর্থিত সাদা দলের প্রার্থীরা। অন্যদিকে সাধারণ সম্পাদক পদসহ ৫টি পদে বিজয়ী হয়েছেন আওয়ামী লীগ ও বামপন্থি বলে পরিচিত হলুদ দলের প্রার্থীরা। গতকাল শনিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদে ভবনে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে ৬১৫ জন ভোটারের মধ্যে ৫০৫ জন ভোটার ভোটাধিকার প্রয়োগ করেন। সন্ধ্যা ৭টায় নির্বাচন কমিশনার প্রফেসর ড. আফসার আলী বিজয়ীদের নাম ঘোষণা করেন।

জানা যায়, এবারের নির্বাচনে সভাপতি পদে নির্বাচিত হয়েছেন সাদা দলের প্রফেসর ড. কামাল হোসেন। তিনি পেয়েছেন ২৫১টি ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী হলুদ দলের প্রফেসর ড. ইরশাদ কামাল খান পান ২৪৯টি ভোট।

সাধারণ সম্পাদক পদে ২৫৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন হলুদ দলের ড. কামরুল হুদা এবং তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ড. আবদুল করিম পেয়েছেন ২৩৫ ভোট। সহ-সভাপতি পদে ২৬৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন সাদা দলের আবু তাহের চৌধুরী এবং তার নিকটতম প্রতিদ্বন্দ্বী হলুদ দলের প্রফেসর ড. গণেশ চন্দ্র রায় পেয়েছেন ২২২ ভোট।

২৬০ ভোট পেয়ে যুগ্ম সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন হলুদ দলের আলী আজগর চৌধুরী এবং তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাদা দলের—মমতাজ উদ্দিন পেয়েছেন ২২৫ ভোট। কোষাধ্যক্ষ পদে ২৬৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন সাদা দলের সালেহ জহুর এবং তার নিকটতম প্রতিদ্বন্দ্বী হলুদ দলের ড. বালেদ মেহরবাহ উল্লাহান পেয়েছেন ২২৫ ভোট।

এছাড়াও সদস্য নির্বাচিত হয়েছেন হলুদ দলের সেলিনা আক্তার (২৬৩), আবুল হোসেন (২৬১), জেসাইন কবীর (২৪৪) সাদা দলের ড. আবুল কাশেম (২৫৮), ড. আল আমীন (২৫২) এবং ড. মো: আবু ফোরকান (২৫০)।